"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
তারাকান্দা, ময়মনসিংহ
www.dls.tarakanda.mymensingh.gov.bd

স্মারক নং-৩৩.০১.৬১৮৮.০০০.০০০.১৮.০০০২.২৬.২৫৮ তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ ব: / ২২ জুলাই ২০২৬ খ্রি:

# নোটিশ

**বিষয়: পশুখাদ্য বিক্রয়কারক (ক্যাটাগরি-৩) লাইসেন্স গ্রহণ/ নবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৪ ধারা মোতাবেক কোন ব্যক্তি লাইসেন্স গ্রহণ ব্যতীত পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, আমদানি, রপ্তানি, বিপণন, বিক্রয়, বিতরণ এবং আনুসঙ্গিক কার্যাবলী সম্পন্ন করতে পারবেন না। উক্ত আইন অনুযায়ী এটি একটি দন্ডনীয় অপরাধ। উক্ত অপরাধের জন্য অনুর্ধ্ব এক বছরের কারাদন্ড, বা অনুর্ধ্ব ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ড প্রদানের বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, পশুখাদ্য বিক্রয়ের লাইসেন্স গ্রহণ/ নবায়নের জন্য আবশ্যিকভাবে আগামী ৩১/০৮/২০২৬ ইং তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। **বিষয়টি অতীব জরুরী।**

**লাইসেন্স/নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

১। নির্ধারিত ফরমে আবেদন
২। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি
৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
৪। হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স
৫। লাইসেন্স ফি ও ভ্যাট (১৫%) জমাদানের চালান
৬। বিগত বছরের নিবন্ধনের কপি (নবায়নের ক্ষেত্রে)

২২/০৭/২০২৬

**(ডা. মো: লুৎফর রহমান)**
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।
মোবাইল: ০১৩২৪-২৯০১৭০
Email: ulotarakanda@dls.gov.bd

প্রাপক,
--------------------------------------------------
--------------------------------------------------
--------------------------------------------------
--------------------------------------------------

স্মারক নং-৩৩.০১.৬১৮৮.০০০.০০০.১৮.০০০২.২৬.২৫৮/১(৬) তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ ব: / ২২ জুলাই ২০২৬ খ্রি:

**অনুলিপি (অবগতি/ কার্যার্থে):**

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ
৩। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ
৪। অফিসার-ইন-চার্জ, তারাকান্দা থানা
৫। চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), তারাকান্দা, ময়মনসিংহ। **[আপনাকে পশুখাদ্য বিক্রয়কারক (ক্যাটাগরি-৩) লাইসেন্স প্রদানের সুবিধার্থে ট্রেড লাইসেন্স প্রদানের জন্য অনুরোধ করা হলো]**
৬। দপ্তর নথি

২২/০৭/২০২৬

**(ডা. মো: লুৎফর রহমান)**
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ